বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদের সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য হলেন জাকির হোসেন

বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদের সম্মেলন প্রস্তুতি কমিটি গঠণ করা হয়েছে। কমিটিতে মেহেরপুর-১ আসনে বিএনপির সম্ভাব্য সংসদ সদস্য প্রাথী ও শিক্ষক নেতা জাকির হোসেনকে সদস্য করা হয়েছে।

গত ১ সেপ্টেম্বর বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আহবায়ক প্রফেসর ডা. জেড এম জাহিদ হোসেন এবং সদস্য সচিব কাদের গণি চৌধুরীর নেতৃত্বাধীন বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদের বিদ্যামান আহবায়ক কমিটি বিলুপ্ত করা হয়েছে।

আগামী ৯০ দিনের মধ্যে এ পরিষদের সম্মেলন ও কাউন্সিল অনুষ্ঠানের জন্য ইসমাইল জবিউল্লাহকে আহবায়ক করে ১১ সদস্যর কমিটি গঠণ করা হয়েছে।

বাকি সদস্যরা হলেন ব্যারিস্টার কায়সার কামাল, প্রফেসর ড. মোর্শেদ হাসান খান, কাদের গণী চৌধুরী, ইঞ্জি. শাহরিন ইসলাম তুহিন, ডা. জহিরুল ইসলাম শাকিল, প্রফেসর আব্দুস সালাম, প্রফেসর মোস্তাফিজ, জাকির হোসেন, রফিকুল ইসলাম, মোকসেদুল মোমেনিন মিথুন।